# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

## হাদিস নাম্বারঃ ১১৩৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৩১]

৮/ বিভিন্ন নেক আমলের ফযীলত প্রসঙ্গে (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ২০৪: নফল (ও সুন্নত নামায) ঘরে পড়া উত্তম। তা সুন্নতে মুআক্কাদাহ হোক কিংবা অন্য কিছু। সুন্নত বা নফলের জন্য, যে স্থানে ফরয নামায পড়া হয়েছে সে স্থান পরিবর্তন করা বা ফরয ও তার মধ্যে কোনো কথা দ্বারা ব্যবধান সৃষ্টি করার নির্দেশ

(204) بَابُ اِسْتِحْبَابِ جَعْلِ النَّوَافِلِ فِي الْبَيْتِ سَوَاءً الرَّاتِبَةُ وَغَيْرُهَا وَالْأَمْرِ بِالتَّحْوِيْلِ لِلنَّافِلَةِ مِنْ مَّوْضَعِ الْفَرِيْضَةِ أَوِ الْفَصْلِ بَيْنَهُمَا بِكَلَامٍ

---

আরবী

وَعَنْ عُمَرَ بن عَطَاءٍ: أَنَّ نَافِعَ بْنَ جُبَيْرٍ أَرْسَلَهُ إِلَى السَّائِبِ ابنِ أُخْتِ نَمِرٍ يَسأَلُهُ عَنْ شَيْءٍ رَآهُ مِنْهُ مُعَاوِيَةُ فِي الصَّلاَةِ، فَقَالَ: نَعَمْ، صَلَّيْتُ مَعَهُ الجُمُعَةَ في المَقْصُورَةِ، فَلَمَّا سَلَّمَ الإِمَامُ، قُمْتُ فِي مَقَامِي، فَصَلَّيْتُ، فَلَمَّا دَخلَ أَرْسَلَ إلَيَّ، فَقَالَ: لاَ تَعُدْ لِمَا فَعَلْتَ. إِذَا صَلَّيْتَ الجُمُعَةَ فَلاَ تَصِلْهَا بِصَلاةٍ حَتَّى تَتَكَلَّمَ أَوْ تَخْرُجَ ؛ فَإِنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم أَمَرَنَا بِذَلِكَ، أَن لاَ نُوصِلَ صَلاَةً بِصَلاَةٍ حَتَّى نَتَكَلَّمَ أَوْ نَخْرُجَ . رواه مسلم

বাংলা

৪/১১৩৮। উমার ইবনে আতা হতে বর্ণিত, নাফে’ ইবনে জুবাইর তাঁকে নামেরের ভাগ্নে সায়েবের নিকট এমন একটি বিষয়ে প্রশ্ন করার উদ্দেশ্যে পাঠালেন, যা মুয়াবিয়া রাদিয়াল্লাহু আনহু তাঁকে নামাযের ব্যাপারে করতে দেখেছিলেন। তিনি বললেন, ’হ্যাঁ, আমি তাঁর (মুয়াবিয়া)র সাথে মাকসূরায় (মসজিদের মধ্যে বাদশাদের জন্য তৈরি বিশেষ নিরাপদ স্থান) জুমার নামায পড়েছি। সুতরাং যখন ইমাম সালাম ফিরালেন, তখন আমি যেখানে ফরয নামায পড়ছিলাম, সেখানেই উঠে দাঁড়িয়ে গেলাম এবং (সুন্নত) নামায পড়লাম।

তারপর যখন মুয়াবিয়া রাদিয়াল্লাহু আনহু বাড়ি প্রবেশ করলেন, তখন আমাকে ডেকে পাঠালেন এবং বললেন, “তুমি যা করলে তা আগামীতে আর কখনো করো না। যখন তুমি জুমার (ফরয) নামায পড়বে, তখন তার সাথে মিলিয়ে অন্য নামায পড়ো না; যতক্ষণ না তুমি কারো সাথে কথা বল অথবা সেখান থেকে অন্যত্র সরে যাও। কেননা, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই আদেশ আমাদেরকে করেছেন যে, আমরা যেন এক নামাযকে অন্য নামাযের সাথে না মিলাই, যতক্ষণ না কোনো লোকের সাথে কথা বলে নেই, কিংবা সেখান হতে

অন্যত্র সরে যাই।” (মুসলিম)[1]

## English

(204) Chapter: Desirability of offering Nawfil (Voluntary or Optional) Prayers at Home

'Umar bin 'Ata reported that Nafi' bin Jubair sent him to Sa'ib bin Ukht Namir to ask him about something that Mu'awiyah had seen him doing in Salat (prayer). He said:
"Yes, I performed the Friday prayer along with him in the enclosure (Maqsurah), and when the Imam concluded the Salat with Taslim, I stood up in my place and performed the Sunnah prayer. When Mu'awiyah went home, he sent for me (and when I came) he said: "Never do again what you have done. When you have observed the Friday prayer, you must not start another Sunnah prayer till you have spoken to some one or have shifted your place; because the Messenger of Allah (ﷺ) ordered us not to follow up the congregational Salat with any other Salat until we have talked (to some one) or moved from the place."

[Muslim].

Commentary: "Maqsurah'' was an enclosure in a mosque or a place which was made there for the security of rulers. When Muslim caliphs and rulers used to perform their prayers in congregation, they would occupy this place. The word "Friday" (Jumu`ah) has been mentioned here because of the incident reported in it, otherwise, this order applies to every Salat and is not restricted to Jumu`ah alone. There is a standing order that one must separate the Fard and the Sunnah of a Salat by some means, like conversation, changing place of the Salat, going out of the Masjid, etc., as has been mentioned in a Hadith narrated earlier. What Muawiyah has stated here is in the light of this Hadith.

ফুটনোট

[1] মুসলিম ৮৮৩, আবূ দাউদ ১১২৯, আহমাদ ১৬৪২৪, ১৬৪৬৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ উমর ইবনু আতা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=25328

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন